

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সাঁথিয়া, পাবনা।
www.santhia.pabna.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬৭২.০০০.১৩.০০৯.১৯-২২৮৬

তারিখঃ- ২৩/১০/২০১৯ খ্রিঃ।


বিষয় : উপজেলা পর্যায়ে বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতা আয়োজন প্রসঙ্গে।

সূত্র : ৩৯.০৩.০০০০.০০৪.২৯.০০১.১৮-৩৫৩

তারিখ : ২৩-০৯-২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিজ্ঞান শিক্ষাকে জনপ্রিয় করা এবং বিজ্ঞান শিক্ষার্থীদের বিশেষ প্রণোদনা প্রদানের জন্য উপজেলা পর্যায়ে বিজ্ঞান বিষয়ক কুইজ প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব আয়োজনের নিমিত্ত মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞান বিভাগের ছাত্র-ছাত্রীদের মধ্যে একটি অভ্যন্তরীণ প্রতিযোগিতার আয়োজন করতে হবে। পদার্থ বিজ্ঞান, রসায়ন, জীববিজ্ঞান, গণিত এবং তথ্যপ্রযুক্তি বিষয়ে সমান সংখ্যক প্রশ্ন নিয়ে ১০০ নম্বরের পরীক্ষার মাধ্যমে প্রতিযোগিতা সম্পন্ন করতে হবে। সে প্রতিযোগিতায় বিজয়ী প্রথম স্থান অধিকারী ঐ প্রতিষ্ঠানের দলনেতা এবং দ্বিতীয় ও তৃতীয় স্থান অধিকারী বিনিংমেট প্রতিযোগী হিসেবে অংশগ্রহণ করবে।

অতএব আগামী ০৪/১১/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানদের অভ্যন্তরীণ প্রতিযোগিতার অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের নাম, ছবি, প্রশ্নপত্রের কপি, ফলাফল শীট এবং প্রতিযোগিতার সচিত্র প্রতিবেদন প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।



(এস এম জামাল আহমেদ)

উপজেলা নির্বাহী অফিসার

সাঁথিয়া, পাবনা।

ফোন নম্বর : ০৭৩২৭-৫৬১০১

ই-মেইলঃ unosanthia@mopa.gov.bd

সাঁথিয়া, পাবনা।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ০১। মহাপরিচালক, জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
- ০২। জেলা প্রশাসক, পাবনা।
- ০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), পাবনা।
- ০৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাঁথিয়া, পাবনা।
- ০৫। অফিস কপি।